রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১১, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ১১ সেপ্টেম্বর ২০০২/২৭ ভাদ্র ১৪০৯

এস, আর, ও নং ২৪৯ আইন/২০০২—Explosives Act, 1884 (VI of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এবং section 7 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধনী আনয়নের প্রস্তাব করিতেছে। প্রস্তাবিত সংশোধনীর ফলে প্রভাবিত বা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন সকল ব্যক্তিদের অবগতির জন্য উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক প্রস্তাবিত সংশোধনীর খসড়া নিম্নে প্রকাশ করা হইল এবং এতদ্বারা নোটিশ প্রদান করা হইল যে, প্রস্তাবিত সংশোধনী প্রকাশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কোন আপত্তি বা পরামর্শ প্রাপ্ত হইলে উহা বিবেচনা করা হইবে এবং উক্ত নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর উহা চূড়ান্তভাবে জারী করা হইবে, যথা—

## প্রস্তাবিত সংশোধনী

উপরোক্ত বিধিমালার—

(ক) বিধি ৩ এর উপবিধি (৩) এর পর নিম্নরূপ নূতন উপবিধি (৪) সংযোজিত হইবে, যথাঃ—

"(৪) সিলিন্ডার বা ভাল্ভ বা সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশ নির্মাণের অনুমতি লাভের জন্য নিম্নোক্ত ফি প্রদান করিতে হইবে, যথা :—

(অ) সিলিন্ডার নির্মাণের জন্য ১০,০০০ টাকা; এবং

(আ) ভাল্ভ নির্মাণের জন্য ১,০০০ টাকা।

নোট।—প্রধান পরিদর্শক তৎকর্তৃক অনুমোদিতব্য সিলিন্ডারের ধরণ এবং স্বীকৃত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনের তালিকা সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা জানাইয়া দিবেন।"

(খ) বিধি ২১ এ "বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেফিকিশেন নং ২২৯ এবং ৫২২৪" শব্দগুলি ও সংখ্যাগুলির পরিবর্তে "বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং ৪৬৮৩ এবং ৫৫০১"শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৩৩ এর উপবিধি (২) এর পর নিম্নরূপ নূতন উপবিধি (৩) সংযোজিত হইবে, যথাঃ—

"(৩) সিলিন্ডার পরীক্ষণ কেন্দ্রের অনুমোদন লাভের জন্য ৫০০০ টাকা ফি প্রদান করিতে হইবে।";

(ঘ) বিধি ৩৪ এর উপবিধি (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপবিধি (৭) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(৭) উদ্‌স্থিতি প্রসারণ পরীক্ষণের ক্ষেত্রে, পরীক্ষা চাপ প্রয়োগের ফলে সিলিন্ডারের স্থায়ী প্রসারণ পরীক্ষাকালীন সংঘটিত মোট প্রসারণের ৫% এর বেশী হইবে না।";

(ঙ) বিধি ৩৫ এর উপবিধি (১) এর "বিধি ৩৩" শব্দ ও সংখ্যাটির পরিবর্তে "বিধি ৩৪" শব্দ ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে ;

(চ) বিধি ৩৭ এর উপবিধি (১) এর অনুচ্ছেদ (চ) তে "১৫০ সেঃ" সংখ্যা, চিহ্ন ও বর্ণটির পরিবর্তে "১৫ সেলসিয়াস" সংখ্যা, চিহ্ন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ছ) বিধি ৪০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪০ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৪০।—**লাইসেন্সকৃত প্রাঙ্গণে লাইসেন্স ইত্যাদি এবং কতিপয় সরঞ্জামাদি ও বইপত্র সংস্থানের ব্যবস্থা**—

(১) সিলিন্ডারে গ্যাস ভর্তি করিবার জন্য বা গ্যাসপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার জন্য লাইসেন্সকৃত প্রাঙ্গণের সহজে দৃশ্যমান হয় এমন স্থানে—

(অ) সংশ্লিষ্ট লাইসেন্স নম্বর, লাইসেন্সের শর্তাবলী এবং বিধি ১৫ হইতে ২৬ এর বিধানাবলীর অনুলিপি;

(আ) বাণিজ্যিক লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্সধারীর নাম ও ঠিকানা, লাইসেন্স নম্বর সম্বলিত সাইনবোর্ড সংশ্লিষ্ট ব্যক্তিগণের জ্ঞাতার্থে সর্বদা ঝুলাইয়া রাখিতে হইবে; এবং

(ই) "ধুমপান বা আগুন নিষিদ্ধ" সতর্কতামূলক বাণী মজুদাগারের ভিতরে ও বাহিরে লিপিবদ্ধ করিতে হইবে যাহার প্রতিটি অক্ষরের ক্ষেত্রফল হইবে অন্যূন ২৫ বর্গসেন্টিমিটার।

(২) সিলিন্ডারে গ্যাস ভর্তির সময় প্রত্যেকটি প্রাঙ্গণে নিম্নোক্ত সরঞ্জামাদি ও বইপত্র থাকিতে হইবে, যথা—

(অ) সিলিন্ডারে যেই গ্যাস ভর্তি করা হয় সেই গ্যাস সার্ভিসের সিলিন্ডার সংক্রান্ত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বা কোড এবং গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর একটি করিয়া অনুলিপি;

(আ) সিলিন্ডারের ভালভ সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৩৪১;

(ই) সিলিন্ডারের রং সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৩৪৯;

(ঈ) তরলযোগ্য বা স্থায়ী গ্যাস ভর্তির পূরণ অনুপাত সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৫৩৫৫;

(উ) অগ্নি নিরাপত্তামূলক বিভিন্ন চিহ্ন সংক্রান্ত বৃটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বি এস ৫৪৯৯;

(ঊ) সিলিন্ডারের অভ্যন্তরভাগ পর্যবেক্ষণের জন্য লো ভোল্টেজ বাতি;

(এ) ওজন নেওয়ার সরঞ্জাম; এবং

(ঐ) সিলিন্ডার নাড়াচাড়া বা হ্যান্ডলিং করিবার পর্যাপ্ত সরঞ্জাম।";

(জ) বিধি ৪৭ এর উপবিধি (২) এর দফা (ক)-তে "১০০ টাকা" সংখ্যা ও শব্দের পরিবর্তে "৩০০ টাকা" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঝ) বিধি ৪৮ এর উপবিধি (১) এর শেষে দাড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ ক্ষমতা অর্পণ করিলে কোন বিস্ফোরক পরিদর্শক 'ঙ' ফরম লাইসেন্স নবায়ন করিতে পারিবেন।";

(ঞ) বিধি ৫২ এ "৫০ (পঞ্চাশ) টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১০০ (একশত) টাকা" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ট) বিধি ৬১ এর পর নিম্নরূপ নূতন বিধি ৬২, ৬৩ এবং ৬৪ সংযোজিত হইবে, যথাঃ—

"৬২। **সাধারণ অব্যাহতি**—যদি প্রধান পরিদর্শক এই মর্মে সন্তুষ্ট হউন যে, দ্বিতীয়, পঞ্চম ও ষষ্ঠ অধ্যায়ের কোন বিধির কোন বিধান নিরাপদে শিথিল করা যায়, তবে তিনি লিখিত আদেশ দ্বারা এবং উহাতে উল্লিখিত শর্ত, যদি থাকে, সাপেক্ষে উক্ত বিধানের প্রয়োগ শিথিল করিতে পারিবেন।

৬৩। **গ্যাস সিলিন্ডারের নিরাপত্তার জন্য নির্দেশ প্রদানের ক্ষমতা**—কোন সিলিন্ডারের নির্মাণ কারখানা, গ্যাস সিলিন্ডারে পরিবাহী যান বা গ্যাসপূর্ণ সিলিন্ডার মজুদ প্রাঙ্গণ বা বিশেষ কোন গ্যাস সিলিন্ডার নিরাপত্তার জন্য প্রয়োজন মনে করিলে প্রধান পরিদর্শক

উক্ত কারখানা, যান, মজুদ প্রাঙ্গণ বা সিলিন্ডার মেরামতকরণ বা অন্যকোন ব্যবস্থা, নির্দেশে উল্লিখিত সময়, যাহা ১৫ দিনের কম হইবে না, এর মধ্যে গ্রহণের জন্য লিখিত নির্দেশ দিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কারখানা, যান, মজুদ প্রাঙ্গণ বা সিলিন্ডারের মালিক বা লাইসেন্সধারী বা অনুমোদন বা অনুমতি প্রাপ্ত ব্যক্তি উক্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

৬৪। **নন-স্ট্যান্ডার্ড সিলিন্ডারের গ্যাস ভর্তিকরণে বিধি-নিষেধ**—প্রধান পরিদর্শকের অনুমতি ব্যতিত কোন ব্যক্তি এমন কোন সিলিন্ডারে গ্যাস ভর্তি করিবেন না যাহা—

(অ) বিধি ৪ অনুসারে প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত নহে ; বা

(আ) বিধি ১০ অনুসারে সনাক্তকরণ রংয়ে রঞ্জিত নহে; বা

(ই) অন্য কোন গ্যাস দ্বারা ভর্তি করা হইয়াছিল।"

(ঠ) তফসিল ১ এর—

(অ) খ ফরম এর ক্রমিক ৩(২) এ "সিলিন্ডারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকিশন, ধরণ ও ধারণক্ষমতা ইত্যাদি" শব্দগুলি ও কমার পরিবর্তে "যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে সিলিন্ডার তৈরী উহার নাম ও নম্বর, ধরণ, জলধারণ ক্ষমতা, প্রস্তুতকারী ও নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম নির্দেশক চিহ্ন বা সংক্ষিপ্ত নাম, রং ইত্যাদি" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) গ ফরম এর ক্রমিক ৩ এর উপ-অনুচ্ছেদ "(ঙ)" বিলুপ্ত হইবে;

(ই) "ঙ ফরম" এর—

(অঅ) ৯নং শর্ত এর পরিবর্তে নিম্নরূপ ৯নং শর্ত প্রতিস্থাপিত হইবে, যথা :— "৯। প্রতিটি সিলিন্ডারে গ্যাস ভর্তির পূর্বে উহার ভালভসহ অন্যান্য সরঞ্জামাদি ও ফিটিংস সতর্কতার সহিত পরীক্ষা করিতে হইবে যাহাতে সংশ্লিষ্ট আইনের বিধানাবলী প্রতিপালন নিশ্চিত হয় এবং গ্যাস ভর্তির জন্য উপযুক্ত বলিয়া গণ্য করিবার পূর্বে সম্পূর্ণ সিলিন্ডার খালি করিতে হইবে।";

(অআ) ১০ নং শর্ত এর পর নিম্নরূপ নূতন ১১,১২,১৩ এবং ১৪ নং শর্তসমূহ সংযোজিত হইবে, যথাঃ —

"১১। সিলিন্ডার গ্যাস ভর্তি সংক্রান্ত কার্যাবলী এমন একজন ব্যক্তির সুষ্ঠু তত্ত্বাবধানে পরিচালিত হইবে যিনি গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর বিধানাবলী এবং বিশেষভাবে সিলিন্ডার হইতে সম্ভাব্য বিপদ, গ্যাস ভর্তির বিধানাবলী, পর্যবৃত্ত পরীক্ষণ ও পরিদর্শনের উদ্দেশ্য ও তদ্‌সংশ্লিষ্ট বিধানাবলী সম্পর্কে সম্যক জ্ঞান রাখেন।

১২। দাহ্য গ্যাস সিলিন্ডারে ভর্তি এবং সংকোচন করিবার জন্য লাইসেন্সকৃত প্রাঙ্গণে স্থাপিত বৈদ্যুতিক সরঞ্জামাদি যেমন—মোটর, সুইচ ইত্যাদি বি এস ৪৬৮৩ অনুসারে অগ্নিনিরোধী হইবে।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গণে অগ্নিকান্ড বা বিস্ফোরণের ফলে কোন ব্যক্তি মারা গেলে বা গুরুতরভাবে আহত হইলে বা কোন সম্পত্তি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হইলে উক্ত দুর্ঘটনার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য দ্রুততম পন্থায় প্রধান পরিদর্শক, জেলা ম্যাজিস্ট্রেট এবং নিকটতম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানাইতে হইবে। প্রধান পরিদর্শকের অনুমতি না পাওয়া পর্যন্ত অথবা দুর্ঘটনার তদন্ত করা হইবে না মর্মে তাঁহার নিকট হইতে অবহিত না হওয়া পর্যন্ত উক্ত দুর্ঘটনার ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে। তবে আহত বা নিহত ব্যক্তিকে দুর্ঘটনাস্থল হইতে সরানো যাইবে এবং যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখিবার জন্য প্রয়োজনীয় কাজ করা যাইবে।

১৪। সিলিন্ডার গ্যাস ভর্তির সময় লাইসেন্সকৃত প্রাঙ্গণে আগুন বা কৃত্রিম আলো বা দাহ্য গ্যাসে আগুন ধরাইতে সক্ষম এমন কোন বস্তু আনা বা রাখা যাইবে না, তবে প্রয়োজনে অগ্নিনিরোধী টর্চলাইট ব্যবহার করা যাইতে পারে।" ;

(ঈ) "চ ফরম" এর ৭ নং শর্ত এর পর নিম্নরূপ নূতন শর্ত নং ৮, ৯ ১০, ১১, ১২, ১৩, ১৪ এবং ১৫ নং শর্তসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

"৮। যতদূর সম্ভব ভিন্ন প্রকৃতির গ্যাস সিলিন্ডার ভিন্ন মজুদাগারে মজুদ করা উত্তম। নিতান্ত প্রয়োজনে উক্তরূপ সিলিন্ডার একই মজুদাগারে মজুদ করিতে হইলে গ্যাসের প্রকৃতি বিবেচনায় সিলিন্ডার একত্রে দলভুক্ত করিয়া মজুদ করিতে হইবে। যেমন—দাহ্য গ্যাসপূর্ণ সিলিন্ডার জারণ ধর্মবিশিষ্ট গ্যাসপূর্ণ সিলিন্ডার হইতে অন্যূন এক মিটার দূরত্বে রাখিতে হইবে অথবা উহাদের মধ্যবর্তী স্থানে অগ্নিনিরোধী পার্টিশন দেওয়াল নির্মিত থাকিবে এবং বিষাক্ত গ্যাসপূর্ণ সিলিন্ডারকে অবিষাক্ত গ্যাসপূর্ণ সিলিন্ডার হইতে যথোপযুক্ত পার্টিশন দেওয়াল দ্বারা পৃথক করিয়া রাখিতে হইবে।

৯। পাতলা পুরুত্ববিশিষ্ট সিলিন্ডার আনুভূমিক অবস্থায় স্তূপ করিয়া রাখা যাইবে না, তবে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসপূর্ণ সিলিন্ডারের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতিতে স্তূপ করা যাইতে পারে ঃ

(১) উলম্বভাবে স্তূপাকারে সিলিন্ডার মজুদ করা হইলে স্তূপ তিন স্তরের অধিক হইবে না ;

(২) আনুভূমিকভাবে স্তূপাকারে সিলিন্ডার মজুদ করা হইলে গ্যাসপূর্ণ সিলিন্ডারের ক্ষেত্রে স্তূপ পাঁচ স্তরের অধিক এবং খালি সিলিন্ডারের ক্ষেত্রে সাত স্তরের অধিক হইবে না ;

(৩) সিলিন্ডারের স্তূপ যাহাতে নড়াচড়া করিতে না পারে সেই জন্য স্তূপকৃত সিলিন্ডারের পিছনদিকে শক্ত কাঠ ব্যবহার করিতে হইবে ;

(৪) মজুদাগারে সহজে প্রবেশ এবং স্বাচ্ছন্দ্যে সিলিন্ডার স্থানান্তর করিবার সুবিধার্থে একক অথবা যুগল সারিবিশিষ্ট এক স্তূপ হইতে অন্য স্তূপ দেওয়ালের মধ্যবর্তী স্থানে অন্যূন ৬০ সেন্টিমিটার প্রশস্ত চলাফেরার পথ রাখিতে হইবে।

১০। গ্যাসের প্রকৃত রাসায়নিক নাম এবং এই লাইসেন্সের নম্বর স্পষ্টভাবে মজুদাগারে সহজে দৃশ্যমান স্থানে টাঙ্গাইয়া রাখিতে হইবে।

১১। মজুদাগার সর্বদা এমন একজন ব্যক্তির তত্ত্বাবধানে থাকিবে যিনি এই লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে সম্যক ধারণা রাখেন।

১২। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সিলিন্ডার মজুদাগারের নিরাপত্তার জন্য প্রয়োজন মনে করেন এমন কোন মেরামত বা পরিবর্তন করিবার জন্য যদি লাইসেন্সধারীকে লিখিত নির্দেশ প্রদান করেন তবে লাইসেন্সধারী নোটিশের নির্দিষ্ট মেয়াদ, যাহা নোটিশ প্রাপ্তির তারিখ হইতে এক মাসের কম হে, এর মধ্যে মজুদাগারের উক্তরূপ মেরামত কার্য সম্পন্ন করিবেন।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গনে অগ্নিকান্ড বা বিস্ফোরণের ফলে কোন ব্যক্তি মারা গেলে বা গুরুতরভাবে আহত হইলে বা কোন সম্পত্তি গুরতরভাবে ক্ষতিগ্রস্ত হইলে উক্ত দুর্ঘটনার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য পন্থায় প্রধান পরিদর্শক, জেলা ম্যাজিষ্ট্রেট এবং নিকটতম থানায় ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানাইতে হইবে। প্রধান পরিদর্শকের অনুমতি না পাওয়া পর্যন্ত দুর্ঘটনার তদন্ত করা হইবে না মর্মে তাহার নিকট হইতে অবহিত না হওয়া পর্যন্ত উক্ত দুর্ঘটনার ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে। তবে আহত বা নিহত ব্যক্তিকে দুর্ঘটনাস্থল হইতে সরানো যাইবে এবং যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় কাজ করা যাইবে।

১৪। অগ্নিচুল্লি, তাপ বা আলোর কোন উৎস মজুদাগারে এবং শর্ত নং ৫ এ উল্লিখিত নিরাপদ দূরত্বের মধ্যে স্থাপন করা যাইবে না, তবে অগ্নিনিরোধী বৈদ্যুতিক বাতি বা অনুরূপ সরঞ্জামাদি স্থাপন করা যাইতে পারে।

১৫। মজুদ প্রাঙ্গণে কেহ ধুমপান করিতে পারিবে না অথবা দিয়াশলাই, ফিউজ বা অগ্নিস্ফুলিংগ সৃষ্টিকারী কোন যন্ত্র বহন করিতে পারিবে না। সহজে দৃষ্টিগোচর হয় মজুদাগারে এমন কোন স্থানে বাংলায় বা ইংরেজীতে স্পষ্টভাবে "ধুমপান নিষেধ" লিখিত বোর্ড ঝুলাইয়া রাখিতে হইবে।" ;

(ড) তফসিল ৪ এর—

(অ) ক্রমিক নং ১ এর বিপরীতে ৫ নং কলামে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সং প্রতিস্থাপিত হইব ;

(আ) ক্রমিক নং ২ এর বিপরীতে ৫নং কলামে—

(ক) "ও (উ) এ্যামোনিয়া গ্যাস" বর্ণ, বন্ধনী ও শব্দগুলি বিলুপ্ত হইবে ; এবং

(খ) "টাকা ১০০০" শব্দ ও সংখ্যার পরিবর্তে "টাকা ৫০০০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(ই) ক্রমিক নং ৩ এর বিপরীতে ৫ নং কলামে—

(ক) দফা "অ" এর বিপরীতে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ১০০০" এবং "টাকা ৫০০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(খ) দফা "আ" এর বিপরীতে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(গ) দফা "ই" এর বিপরীতে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ১০০০" এবং "টাকা ৫০০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(ঘ) দফা "ঈ" এর বিপরীতে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(ঙ) দফা "উ" এর বিপরীতে "টাকা ১০০" এবং "টাকা ৫০" শব্দ ও সংখ্যার পরিবর্তে যথাক্রমে "টাকা ৫০০" এবং "টাকা ২৫০" শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে ;

(চ) দফা "উ" বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্ম-সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।